দৈনিক ইত্তেফাক

তারিখ 02 JUL 1998

পৃষ্ঠা ৩ কলাম ৩

# প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ২২ কোটি ৩৬ লক্ষ টাকার বাজেট

১৯৯৮-৯৯ অর্থ বৎসরের জন্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১ কোটি ৫১ লক্ষ টাকা ঘাটতিসহ মোট ২২ কোটি ৩৬ লক্ষ টাকার বাজেট অনুমোদিত হইয়াছে। গত সোমবার ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ইকবাল মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠিত বুয়েট সিন্ডিকেটের এক সভায় এই বাজেট অনুমোদন করা হয়। সভায় ৮৬ লক্ষ টাকার ঘাটতিসহ ১৯৯৭-৯৮ অর্থ বৎসরের ২০ কোটি

(৭ম পৃঃ দ্রঃ)

## প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের

(৩য় পৃঃ পর)

৯৮ লক্ষ টাকার সংশোধিত বাজেটও পাস করা হয়।

সিন্ডিকেটে অনুমোদিত ২২ কোটি ৩৬ লক্ষ টাকার মোট বরাদ্দের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে সরকারী অনুমোদনের সম্ভাব্য পরিমাণ ১৯ কোটি ৬০ লক্ষ টাকা। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় ১ কোটি ২৫ লক্ষ টাকা এবং অবশিষ্ট ১ কোটি ৫১ লক্ষ টাকা ঘাটতি। মোট বরাদ্দের মধ্য হইতে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের বেতনভাতাদি খাতে ১৩ কোটি ২১ লক্ষ টাকা এবং শিক্ষা খাতে ৩ কোটি ৪৮ লক্ষ ৪০ হাজার টাকা বরাদ্দ রাখা হইয়াছে। উক্ত সভায় ১৯৯৮-৯৯ অর্থ বৎসরের জন্য ২ কোটি ৪৫ লক্ষ টাকার উন্নয়ন বাজেটও অনুমোদিত হয়। —প্রেস বিজ্ঞপ্তি